

ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার

স-৮৩১

কমলপুর, ২৬ জুলাই, ২০২৪

৭৮তম স্বাধীনতা দিবস

কমলপুর মহকুমায় প্রস্তুতি সভা

কমলপুর মহকুমাতে আগামী ১৫ আগস্ট ৭৮তম স্বাধীনতা দিবস যথাযোগ্য মর্যাদায় পালন করা হবে। এ উপলক্ষ্যে আজ কমলপুর মহকুমা শাসকের সভা কক্ষে এক প্রস্তুতি সভা অনুষ্ঠিত হয়। সভায় সভাপতিত্ব করেন কমলপুর মহকুমার মহকুমা শাসক এল দার্লং। এছাড়াও উপস্থিতি ছিলেন কমলপুর নগর পঞ্চায়েতের চেয়ারপার্সন প্রশান্ত সিনহা এবং মহকুমার বিভিন্ন দপ্তরের আধিকারিকগণ, বিভিন্ন বিদ্যালয়ের প্রধান শিক্ষক ও কমলপুর মহকুমার সাংস্কৃতিক সংস্থার কর্ণধারগণ। মহকুমার মূল অনুষ্ঠানটি হবে কমলপুর দ্বাদশ শ্রেণী বালক বিদ্যালয় মাঠে। এদিন সকাল ৯টা ১০ মিনিটে প্রধান অতিথি জাতীয় পতাকা উত্তোলন করবেন এবং অভিবাদন গ্রহণ করবেন। তোর ৫টায় কমলপুর নগর পঞ্চায়েত এলাকাতে প্রতাতফেরী অনুষ্ঠিত হবে। সকাল ৭টায় বিভিন্ন সরকারি অফিসে জাতীয় পতাকা উত্তোলন করা হবে। সন্ধ্যা ৬টায় কমলপুর নজরুল ভবনে অনুষ্ঠিত হবে সাংস্কৃতিক অনুষ্ঠান। ১৩ আগস্ট কমলপুর বাজার এলাকায় সাফাই অভিযান করা হবে। এছাড়া মাধ্যমিক ও উচ্চমাধ্যমিকে উত্তীর্ণ মেধাবী ছাত্রছাত্রীদের সংবর্ধনা দেওয়া হবে। কমলপুর বিমল সিংহ মেমোরিয়েল হাসপাতালে রোগীদের মধ্যে ফল ও মিষ্টি বিতরণ করা হবে।
